



ইসরায়েল ধ্বংসের চেষ্টা করলে খামেনির মতো পরিণতি হবে: কাৎজ



ছবি: সংগৃহীত

ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ হুঁশিয়ারি দিয়ে বলেছেন, ভবিষ্যতে ইরানের কোনো নেতা যদি ইসরায়েল ধ্বংসের পরিকল্পনা বাস্তবায়নের চেষ্টা করেন, তবে তাকে আয়াতুল্লাহ আলি খামেনির মতোই পরিণতির মুখোমুখি হতে হবে।

সোমবার (৬ জুলাই) এক বিবৃতিতে কাৎজ বলেন, ‘যেকোনো ইরানি নেতা যদি ইসরায়েল ধ্বংসের পরিকল্পনা এগিয়ে নেন, তাকে প্রতিহত করা হবে।’

খামেনির রাষ্ট্রীয় জানাজা চলাকালে দেওয়া এ বক্তব্যে কাৎজ দাবি করেন, খামেনিই ইরান ও পুরো অঞ্চলে ইসরায়েলবিরোধী পরিকল্পনার নেতৃত্ব দিয়েছিলেন। তিনি আরও বলেন, সাম্প্রতিক যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যৌথ হামলায় ইসরায়েলের সামনে থাকা ‘তাৎক্ষণিক অস্তিত্বগত হুমকি’ দূর হয়েছে এবং ইরানের কৌশলগত সক্ষমতা দুর্বল হয়েছে।

এছাড়া খামেনির জানাজায় অংশ নেওয়া কিছু মানুষের ‘ট্রাম্পের মৃত্যু হোক’ স্লোগানকে ‘লজ্জাজনক’ বলে মন্তব্য করেন ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী।

তবে কাৎজের এসব বক্তব্যের বিষয়ে ইরানের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া জানানো হয়নি।